গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা

জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের সাথে জানুয়ারি ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম খান<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ৩১ জানুয়ারি ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.১৫ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট - 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় উপস্থিত এ বিভাগের সকল অতিরিক্ত সচিব ও যুগ্মসচিববৃন্দ এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা প্রধানের প্রতিনিধিগণের সাথে নবযোগদানকৃত ০১ জন অতিরিক্ত সচিবকে পরিচয় করিয়ে দেন এবং একইসাথে সভায় উপস্থিত সকল কর্মকর্তা নিজ নিজ পরিচয় বিনিময় করেন। তিনি বলেন এ বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থার পেন্ডিং ডাকসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ইতিমধ্যে অনুবিভাগ প্রধানগণ স্ব-স্ব অনুবিভাগের কর্মকর্তাগণের সাথে সভা আহবান করে এ বিষয়ে করণীয় নির্ধারণসহ কিভাবে পেন্ডিং ডাকসমূহ দ্রুত নিষ্পত্তি করা যায় সে বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া দপ্তর/সংস্থার কোন কাজে সমস্যা/জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানের সাথে যোগাযোগ করে, প্রয়োজনে মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা যেতে পারে। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

ডিসেম্বর/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন:

সভায় গত সভার কার্যবিবরণীর পাঠ করা হয় এবং কোন সংশোধনী ছাড়াই সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতপর কার্যপত্র মোতাবেক গত সভার সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

**অধিদপ্তর/সংস্থাসমূহের পেন্ডিং:**

| অধিদপ্তর/ সংস্থার নাম | মন্ত্রণালয় হতে অধিদপ্তর/সংস্থায় পেন্ডিং | অধিদপ্তর/সংস্থা হতে মন্ত্রণালয়ে পেন্ডিং | আন্তঃ মন্ত্রণালয় ( জননিরাপত্তা বিভাগ হতে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগে প্রেরিত) পেন্ডিং |
|---|---|---|---|
| বাংলাদেশ পুলিশ | ১৪৫ টি | ২৮৯ টি | ৫৮ (পুলিশ অধিদপ্তর সংশ্লিষ্ট) |
| বর্ডার গার্ড বাংলাদেশ | -- | ৮৪ টি | ... |
| আনসার ও ভিডিপি | ০৮ টি | ১০ টি | ... |
| কোস্ট গার্ড | -- | ১৩ টি | ... |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | ... | ... | ... |
| তদন্ত সংস্থা | ... | ... | ... |

**ই-টেন্ডার:**

সভায় ই-টেন্ডারিং বিষয়ে আলোচনা করা হয়। দপ্তর/ সংস্থার ই-টেন্ডারিং এর পরিসংখ্যান নিম্নরূপঃ

| অধিদপ্তর/ সংস্থার নাম | মোট টেন্ডারের সংখ্যা | ই-টেন্ডার এর সংখ্যা | ই-টেন্ডারের শতকরা হার | টেন্ডারিং-এ মোট অর্থের পরিমাণ | ই-টেন্ডারিং-এ জড়িত অর্থের পরিমান | গত মাসে ই-টেন্ডারের সংখ্যা ও শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| পুলিশ অধিদপ্তর | ৭৯টি | ১৭টি | ২১.৫১% | - | ৫৪,৭৩,৫৬,১৯৪/- | ৫৩টি<br>৫৫.৭৮% | - |
| বর্ডার গার্ড বাংলাদেশ | - | - | - | - | - | - | |
| আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | ২১টি | ০৩টি | ১৪.২৮% | ২৩,২৭,০৪,০৯১.৭২ | ১,৬৬,৮৫,২৬১.৭২ | ০৪টি<br>২৬.৬৬% | |
| বাংলাদেশ কোস্ট গার্ড | ০৩টি | - | - | ১,৭৫,৩২,০০০/০০ | - | - | |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | ২৬টি | ১০টি | ৩৮.৪৬% | ২৭,৫৬,৪৮,২৫০/- | ১,৩০,৮৪,৪৩৫/- | ০২টি<br>১০০% | |
| তদন্ত সংস্থা | - | - | - | - | - | - | |

**অডিট আপত্তি:**

দপ্তর সংস্থার প্রতিনিধিগণ স্ব স্ব দপ্তরের অডিট সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন যা নিম্নরূপঃ

| অধিদপ্তর/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | নিস্পত্তির সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| পুলিশ অধিদপ্তর | ১৫৯৮ টি | ১৪৬০,৪২,৩৫,৩৪৪/৬৫ | ১৫টি | ৬,৫১,২১,০২৫/- | ১৫৮৩ টি, জড়িত টাকা= ১৪৫৩,৯১,১৪,৩১৯/৬৫ | - |
| বর্ডার গার্ড বাংলাদেশ | ৮৬ টি | ২৭২,৪২,০০০,০০/- | | | ৮৬টি | |
| আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | ২৮ টি | ৪১৮,৯৩,৩০,০৫৩/- | ০১ | ৯,৬৩,০০২/- | ২৭টি, জড়িত টাকা= (৪১৮,৮৩,৬৭,০৫১)/- | |
| বাংলাদেশ কোস্ট গার্ড | ২৪২ টি | ১৭৪,০৬,০০,০০০/- | ১১১ | ৫৯,১৪,০০,০০০/- | জড়িত টাকা= ২৩৩,২০,০০,০০০/- | |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | ... | ... | ... | ... | ... | |
| তদন্ত সংস্থা | ... | ... | ... | ... | ... | |

**পেনশন কেইস:**

সভায় জননিরাপত্তা বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থার পেন্ডিং পেনশন কেইসের তুলনামূলক চিত্র :

| অধিদপ্তর/সংস্থার নাম | গত মাসের পেন্ডিং পেনশন কেইস | আলোচ্য মাসের পেন্ডিং পেনশন কেইস | মন্তব্য |
|---|---|---|---|
| পুলিশ অধিদপ্তর | ০১ টি<br>(মরহুম আবদুল করিম সরকার প্রাক্তন নিরস্ত্র পুলিশ পরিদর্শক, রাঙ্গামাটি পার্বত্য জেলা) | ০১ টি<br>(মরহুম আবদুল করিম সরকার প্রাক্তন নিরস্ত্র পুলিশ পরিদর্শক, রাঙ্গামাটি পার্বত্য জেলা) | অনিষ্পন্ন থাকার কারন: |
| বর্ডার গার্ড বাংলাদেশ | -- | -- | -- |
| আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | -- | -- | -- |
| বাংলাদেশ কোস্ট গার্ড | -- | -- | -- |
| ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | -- | -- | -- |
| তদন্ত সংস্থা | -- | -- | -- |

**রিট মামলাঃ**

সভায় জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/ সংস্থার রিট মামলা নিয়ে আলোচনা করা হয়। পরিসংখ্যান নিম্নরূপ

| রিট মামলা | | | | |
|---|---|---|---|---|
| ক্রমিক নং | সাল | মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | মন্তব্য |
| ০১ | ১৯৯৯ | ১ টি | - | সর্বমোট ৫,৬৬০টি মামলা হতে বিভিন্ন সালের মামলা ২৩৬টি নিষ্পত্তি করা হয়েছে। (৫৬৬০-২৩৬=৫,৪২৪টি মামলা চলমান) |
| ০২ | ২০০৩ | ৪ টি | - | |
| ০৩ | ২০০৪ | ২ টি | - | |
| ০৪ | ২০০৫ | ৩৯ টি | - | |
| ০৫ | ২০০৬ | ৪১ টি | - | |
| ০৬ | ২০০৭ | ৪৮৬ টি | - | |
| ০৭ | ২০০৮ | ৭৬১ টি | - | |
| ০৮ | ২০০৯ | ১১০ টি | - | |
| ০৯ | ২০১০ | ৩৭৫ টি | - | |
| ১০ | ২০১১ | ২৫২ টি | - | |
| ১১ | ২০১২ | ৪২৪ টি | - | |
| ১২ | ২০১৩ | ৪৮৪ টি | - | |
| ১৩ | ২০১৪ | ৩৭০ টি | - | |
| ১৪ | ২০১৫ | ৩০৮ টি | - | |
| ১৫ | ২০১৬ | ৩৪৫ টি | - | |
| ১৬ | ২০১৭ | ৩৪০টি | - | |
| ১৭ | ২০১৮ | ৩৮৭ টি | - | |
| ১৮ | ২০১৯ | ৩০৬টি | ৩০টি | |
| ১৯ | ২০২০ | ১৬০টি | ৫২টি | |
| ২০ | ২০২১ | ২০৮টি | ৭০টি | |
| ২১ | ২০২২ | ২৫৭টি | ৮৪টি | |
| | মোট | = ৫,৬৬০টি | ২৩৬টি | |
| | | | | |

সভায় সভাপতি জননিরাপত্তা বিভাগ এবং দপ্তর/ সংস্থার সাথে পারস্পরিক যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে দাপ্তরিক কাজকর্ম সম্পাদনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি কার্যক্রম সম্পাদনে APA, NIS, GRS, Innovation, Citizen charter ইত্যাদির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

**সিদ্ধান্তসমূহঃ**

(১) জননিরাপত্তা বিভাগ হতে দপ্তর/ সংস্থায় এবং দপ্তর/ সংস্থা হতে এ বিভাগে পেন্ডিং চিটিপত্র দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান স্ব স্ব অনুবিভাগের অধীনের অধিশাখা/ শাখার কর্মকর্তা এবং দপ্তর সংস্থার প্রতিনিধিদের নিয়ে সভা করবেন।

(২) জননিরাপত্তা বিভাগ এবং দপ্তর/ সংস্থার বিপক্ষ্যে চলমান রিট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য এ বিভাগের প্যানেল আইনজীবীদের সাথে আলোচনা/ যোগাযোগের মাধ্যমে দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে।

(৩) সকল দপ্তর/ সংস্থায় ই-নথির কার্যক্রম বাড়াতে হবে। ই-নথির মাধ্যমে সকল ডাক/ ফাইল নিষ্পত্তি করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মেনে APA, NIS, Citizen charter, Innovation ইত্যাদির প্রমাপক নিশ্চিত করতে হবে। দপ্তর/ সংস্থার website নিয়মিত হালনাগাদ করে তথ্য আপলোড করতে হবে।

(৪) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা, জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত এবং মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি হালনাগাদ করে নিয়মিত এ বিভাগে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে।

(৫) অবকাঠামোগত উন্নয়নমূলক কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। কাজের গুণগত মান নিশ্চিত করতে প্রকল্প পরিদর্শন করতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা এবং মন্ত্রণালয়/ বিভাগ এর সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ বাড়াতে হবে।

(৬) সরকারি নির্দেশনা মেনে সকল দপ্তর/ সংস্থায় ই-টেন্ডারিং এর কার্যক্রম বাড়াতে হবে। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আমিনুল ইসলাম খান
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.-20

তারিখ: ১৭ মাঘ ১৪২৯
৩১ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর/ সংস্থা প্রধান (সকল)

২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

আশাফুর রহমান
উপসচিব